দিতে দাফন করা হয়।
উল্লেখ্য, ছাত্রলীগ নেতা মিজান গত রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ে আড়াই ঘন্টাব্যাপী বন্দুক যুদ্ধকালে হত হয়েছিল।

তারিখ 02 NOV 1991
পৃষ্ঠা ৬ কলাম ৪

দৈনিক বাংলা

৩২

# হাস্যকর ঘোষণাঃ ছাত্রদল

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগের (শা-অ) সাংগঠনিক কার্যক্রম স্থগিত রাখার ঘোষণাকে 'হাস্যকর' মন্তব্য করে বলেছে, দলের মধ্যে সন্ত্রাসীদের লালন করে এভাবে সন্ত্রাস বন্ধ করা যাবে না। সন্ত্রাস বন্ধে ছাত্রলীগ আন্তরিক হলে

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## হাস্যকর ঘোষণা

(প্রথম পৃঃ পর)

সংগঠন থেকে ডাঃ মিলন হত্যার আসামীসহ সব সন্ত্রাসীকে বহিষ্কার করতে হবে।

গতকাল জাতীয়তাবাদী ছাত্রদলের এক জরুরী সভায় একথা বলা হয়। সংগঠনের আহবায়ক আমানউল্লাহ আমান সভায় সভাপতিত্ব করেন।

সভায় ছাত্রদল কর্মী মির্জা গালিব ও লিটনের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয় এবং হত্যাকারীদের অবিলম্বে গ্রেফতার, বিচার ও দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবী জানানো হয়।

সভায় ২৫শে নবেম্বর'৯১ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় কাউন্সিল অনুষ্ঠানের সিদ্ধান্ত নেয়া হয়।